# Parts of Speech

Parts অর্থ - অংশ, of অর্থ - র, এর এবং speech অর্থ - বাক্য। সুতরাং parts of speech হচ্ছে বাক্যের অংশ। বাক্যে ব্যবহার অনুযায়ী অর্থ প্রদানকারী বিভিন্ন শ্রেণির word গুলোকে parts of speech বলে।

e.g. **A quick brown fox jumped over the lazy dogs.** বাক্যটিতে A থেকে Z পর্যন্ত ২৬টি letter ই আছে।
(দ্রুতগতির/দ্রুতগামী বাদামি বর্ণের একটি শেয়াল অলস কুকুরগুলোর উপর দিয়ে লাফ দিল)
উপরোক্ত বাক্যের প্রতিটি word অর্থ প্রদান করে বিধায় প্রত্যেকেই এক একটি part of speech

মনে রাখুন, a man/woman (উম্যান) of parts = talented (person) = গুণী, প্রতিভাবান (ব্যক্তি)।

1. **He is a man of ——.** (তিনি একজন গুণী ব্যক্তি) [RU (বাণিজ্য) 05-06]
a) parts b) parting c) parted d) part Ans:a

2. **'Man of parts' means —** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কোষাধ্যক্ষ)-১৫, ইসলামী ব্যাংক লি. (ট্রেইনি অফিসার, ক্যাশ)-১৭]
a) honest b) sincere c) talented d) worthless Ans:c

**Kinds:** Traditional grammar এ Parts of speech মোট ৮ প্রকার। যথা:

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | Noun (বিশেষ্য) | 2 | Pronoun (সর্বনাম) | 3 | Verb (ক্রিয়া) | 4 | Adjective (বিশেষণ) |
| 5 | Adverb (ভাব/ক্রিয়া বিশেষণ) | 6 | Preposition (পদান্বয়ী অব্যয়) | 7 | Conjunction (সংযোজক অব্যয়) | 8 | Interjection (অনন্বয়ী অব্যয়) |

**Note:** Traditional grammar এর 'Part of speech' কে modern linguistics এ **word class** বলা হয়। word class গুলো হচ্ছে noun, pronoun, verb, adjective (অ্যাজেকটিভ), determiner (ডিটামিনার), adverb, preposition (প্রেপজিশন), conjunction, interjection (exclamation), article, numeral ইত্যাদি।

3. **There are — parts of speech in English.** [টেক্সাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইনস্ট্রাক্টর-১৮, পিটিআই এর শিক্ষক-১৯]
**The number of parts of speech in English Grammar is —** [বাংলাদেশ ব্যাংক (AD)-০১]
a) five b) eight c) seven d) six Ans:b

4. **Parts of speech কত প্রকার?** [বন অধিদপ্তরে জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট-২২, বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান-২৩]
a) two b) eight c) three d) five Ans:b

5. **ইংরেজি ব্যাকরণের Adverb কে বাংলায় কি বলে-** [৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]
a) নাম বিশেষণ b) ভাব বিশেষণ c) সমুচ্চয়ী অব্যয় d) নামপদ Ans:b

# Noun

**Noun:** Noun শব্দটির অর্থ হচ্ছে নাম। তাই যে word দ্বারা কোনো কিছুর নাম বোঝায় তাকে noun বলে।
e.g. Jahangir, Jim, Bangladesh, man, country, team, gold, honesty etc. তাই noun = naming word

1. **The word 'Adjective' is a/an —** [IU (B) 12-13, BRUR (F) 12-13, (D) 17-18]
**The word 'noun' is a —** [IU (B) 05-06]
a) Pronoun b) Noun c) Verb d) Adjective Ans:b

যেকোনো part of speech (noun থেকে interjection) এর নামই noun হবে। কারণ, যেকোনো নামই হচ্ছে noun

**Kinds of Nouns:** Noun প্রধানত দুই প্রকার। যথা: **I. Concrete Noun এবং II. Abstract Noun**

| I. Concrete Noun (ইন্দ্রিয়গ্রাহ্য/বস্তুবাচক নাম) | II. Abstract Noun (গুণবাচক/ভাববাচক নাম) |
|---|---|
| যে noun গুলোকে দেখা যায়, স্পর্শ করা যায়, শোনা যায়, যাদের ঘ্রাণ এবং স্বাদ নেয়া যায়। এদের শারীরিক আকৃতি আছে। যেমন: boy, song, flower, milk | যে noun গুলো দ্বারা কোনো কিছুর নিরপেক্ষ দোষ/গুণ, অবস্থা এবং কাজের নাম বোঝায়। এদের শারীরিক আকৃতি নেই। যেমন: softness, wealth, silence, revenge |



CamScanner

Noun মোট পাঁচ প্রকার। তবে Modern grammar এ Noun মোট চার প্রকার (Material noun অন্তর্ভুক্ত নেই।)

| | |
|---|---|
| I. Concrete Noun | ❶ Proper Noun (বিশেষ নাম), ❷ Common Noun (জাতিবাচক নাম), ❸ Collective Noun (সমষ্টিবাচক নাম), ❹ Material Noun (বস্তুবাচক নাম), |
| II. Abstract Noun | ❺ Abstract Noun (গুণবাচক বা ভাববাচক নাম) |

অনেক grammarian তাঁদের প্রদত্ত প্রকারভেদে noun কে ৪ প্রকার লিখেছেন। তাঁরা Material noun কে উল্লেখ করেননি। A J Thomson & A V Martinet এর A Practical English Grammar বইয়ের 2. Nouns অংশে বলা হয়েছে 'There are four kinds of noun in English: Common nouns, Proper nouns, Abstract nouns, Collective nouns' (Oxford/Cambridge Advanced Learner's Dictionary তেও Material noun ছাড়া অন্য ৪টির সংজ্ঞা ও উদাহরণ পাওয়া যায়। Wren & Martin এর High school English Grammar বইয়েও Material noun সম্পর্কে বলা নেই। তবে J C Nesfield, P K De Sarkar, P C Das, T J Fitikides এর বইয়ে Material noun সম্পর্কে বলা হয়েছে। Modern grammar এ Material noun নেই। এক্ষেত্রে Mass noun/uncount/non-count/uncountable noun এর মধ্যে উক্ত বিষয়টি আলোচনা করা হয়।)

1. Orange is my favourite fruit. (J C Nesfield), 2. Mango is my favourite fruit. (P C Das) Traditional grammar অনুসারে উপরোক্ত বাক্য দুটি সঠিক। এক্ষেত্রে Orange, Mango হচ্ছে Material noun কিন্তু Modern grammar এ বাক্য দুটো ভুল। এক্ষেত্রে orange, mango, apple, banana ইত্যাদি ফলগুলোর নাম সাধারণত common/countable noun ধরা হয়। তাই এদের পূর্বে the বসাতে হবে অথবা এদের plural করতে হবে। এক্ষেত্রে সঠিক বাক্য হবে The orange/The mango is my favourite fruit. অথবা Oranges/Mangoes are my favourite fruit. (এক্ষেত্রে fruit এর plural হবে না। বিস্তারিত জানতে Number অধ্যায়ে দেখুন ৪৪ পৃষ্ঠায়)

Amanda Lee এর Model Composition for Primary বইয়ে Apple is my favourite fruit. বাক্যটিকে ভুল বলা হয়েছে। সঠিক বাক্য হচ্ছে The apple is my favourite fruit. অথবা Apples are my favourite fruit.

2. **An antonym of 'Abstract' is-** [DU (C) 00-01, MBSTU (B) 11-12, RU (BBA) 09-10, (A3) 12-13]
**a)** Abuse **b)** Concrete **c)** Abstruse **d)** Refrain [IU (G) 12-13] Ans:b

3. **Noun কত প্রকার?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী-১১]
**a)** 5 **b)** 6 **c)** 4 **d)** 3 Ans:a

4. **কোনটি parts of speech নয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ-১৪]
**a)** noun **b)** pronoun **c)** gerund **d)** verb Ans:c

**Proper Noun:** Capital letter সূচিত একটি নির্দিষ্ট ব্যক্তি, বস্তু, স্থান ইত্যাদির নিজস্ব নামকে **Proper Noun** বলে।
**e.g.** Bangladesh, Karim, Rabindranath, Dhaka, The Padma, Rome, Africa, New Year etc.
**N.B.** সাধারণত Proper Noun এর পূর্বে the বসে না। কিন্তু নদী, সাগর, উপসাগর, মহাসাগর, সংবাদপত্র, জাহাজ, এরোপ্লেন, ট্রেন, বিখ্যাত অট্টালিকা, পর্বতমালা, দ্বীপপুঞ্জ, মরুভূমি, ধর্মগ্রন্থ, দিক ইত্যাদির নাম Proper Noun হলেও এদের পূর্বে the বসে।

5. **The name of one particular person, thing or place is called:** [PSTU (CSE) 13-14]
**a)** A collective noun **b)** A material noun
**c)** A proper noun **d)** A common noun Ans:c

6. **What kind of noun is 'Dhaka'?** [পেট্রোবাংলার হিসাব সহকারী-১৯]
**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Material Ans:a

7. **Which of the following is proper noun?** [RU (ভূগোল) 05-06, HSTU (G) 17-18]
**a)** Rabindranath **b)** Car **c)** Rain **d)** Fast (রোজা, উপবাস) Ans:a

8. **The Padma is a river. Choose the correct parts of speech of the underlined word.**
**a)** Collective noun **b)** Pronoun **c)** Abstract noun **d)** Proper noun [RU 06-07] Ans:d



CamScanner

**Common Noun:** যে সকল Noun দ্বারা নির্দিষ্ট কোনো ব্যক্তি, বস্তু, স্থানের নাম না বুঝিয়ে একজাতীয় সকলকেই বোঝায় তাদেরকে Common Noun বলে। সংখ্যায় একের অধিক বলে এদেরকে গণনা করা যায়। যেমনঃ man, boy, girl, student, teacher, doctor, book, pencil, pen, candle, cow, sheep, elephant, fish, river, flower, bee, robber (ডাকাত), soldier (সৌলজার-সৈনিক), king, capital, city, ring, country, table, chair ইত্যাদি।

9. **A noun that names a general class of person, place or things is a–** [বাংলাদেশ ব্যাংক-০১]
**a)** proper noun **b)** general noun **c)** perfect noun **d)** common noun Ans:d

10. **What kind of noun is 'river'?** [ফায়ার সার্ভিসের ফোরম্যান-১৯, 44th BCS, LGED এর হিসাব সহকারী-২৩]
**a)** Material **b)** Collective **c)** Proper **d)** Common Ans:d

11. **What kind of noun is 'man'?** [রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)-০৬, সহকারী সাইফার অফিসার-১৭]
**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Material Ans:b

12. **What kind of noun is 'Girl'?** [10th BCS, HSTU (B) 08-09, SUST (B) 08-09, COU (B) 09-10, RU (F1) 11-12, IU (G) 12-13, BRUR (D) 14-15, জুনিয়র পরিসংখ্যান সহকারী-২০, NSI এর ফিল্ড অফিসার-২৩]
**'Anita is a good girl.' বাক্যে 'girl' শব্দটি-** [প্রাথমিক প্রধান শিক্ষক (শিউলী)-০৯, প্রাক-প্রাথমিক সহঃ শিক্ষক (ঝিলাম)-১৩]
**a)** Proper noun **b)** Common noun **c)** Material noun **d)** Collective noun Ans:b

13. **What kind of noun is 'boy'?** [সমবায় দপ্তরের ২য় শ্রেণির গেজেটেড অফিসার-৯৭, তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-০৪, সোনালী ব্যাংক (অফিসার)-১০, ডেসকো'র সহকারী কমপ্লেইন সুপারভাইজার/এসিপি-১৯, NSI এর জুনিয়র ফিল্ড অফিসার-১৯]
**a)** Proper **b)** Common **c)** Abstract **d)** Material Ans:b

14. **The elephant has great strength. এখানে elephant শব্দটি-** [প্রাথমিক প্রধান শিক্ষক (শিউলী)-০৯]
**a)** proper noun **b)** common noun **c)** collective noun **d)** material noun Ans:b

15. **I recognized your voice at once.** [RU (Law) 06-07, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক-২৩]
**a)** Common **b)** Proper **c)** Collective **d)** Abstract Ans:a
**Source:** প্রশ্নটি High School English Grammar–Wren & Martin Exercixe-3 অংশ থেকে হুবহু নেওয়া হয়েছে।

ব্যাখ্যাঃ voice (কথা, কণ্ঠস্বর) এর singular (a voice) এবং plural (voices) হয় তাই এটি Common noun

**Proper Noun এবং Common Noun এর মধ্যে পার্থক্যঃ**

| Proper Noun | Common Noun | |
|---|---|---|
| Proper Noun দ্বারা একটি নির্দিষ্ট নাম বুঝায় এবং সর্বদাই Capital Letter দ্বারা শুরু হয়। | Common Noun দ্বারা নির্দিষ্ট কোনো নাম বুঝায় না একজাতীয় সকলকে বোঝায় বলে একে class noun বলে। | |
| Dhaka, Rajshahi, Khulna, Chattagram | City | এরা সংখ্যায় একের অধিক হয় এবং এদের গণনা করা যায়। |
| The Padma, The Jamuna, The Meghna | River | |

16. **Dhaka is a big city. এখানে Dhaka শব্দটি কোন প্রকারের noun?** [কর্মসংস্থান ব্যাংক-১১]
**a)** proper **b)** common **c)** collective **d)** material Ans:a

17. **Dhaka is a big city. এখানে City শব্দটি কোন প্রকারের Noun?** [প্রাথমিক সহকারী শিক্ষক (তিস্তা)-১০]
**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Material Ans:b

**Plural Common Noun:** কোনো noun একের অধিক হলেই তাকে Plural Common Noun বলে। আবার, Adjective এর সাথে s যুক্ত হয়ে plural common noun হয় না কিন্তু The + adjective কোনো বিশেষ শ্রেণির সকলকে বোঝালে তাকে Plural Common Noun বলে এবং এর পরবর্তী verb টি plural হয়।
There's one law for **the rich** and another for **the poor.** (একই অপরাধে ধনীরা পার পায় আর গরীবরা সাজা পায়) The rich **plan** for tomorrow, the poor for today. The valiant never **taste of** death but once. The poor **live** from hand to mouth. (গরীবেরা দিন আনে দিন খায়) The wise **do not** talk much. (জ্ঞানীরা বেশি কথা বলেন না) **The old feel** the cold more than **the young**. The unemployed **are** losing hope.

ব্যতিক্রম: The accused (আসামি/আসামিরা), the deceased (মৃত ব্যক্তি/মৃত ব্যক্তিরা), the undersigned (নিম্নস্বাক্ষরকারী/নিম্নস্বাক্ষরকারীরা) ইত্যাদি এরা singular ও plural উভয়রূপে ব্যবহৃত হয়। e.g. All the accused have pleaded guilty. The accused was/were released on bail. The accused **was/were** found innocent. The accused **were** all found guilty. The deceased **was/were** employed by the company. We, the undersigned, strongly **object to** ---- . We, the undersigned, agree to ---- .

18. **The poor are always unhappy. 'The poor' is —— noun.**
(গরীবেরা সবসময় অসুখী) [IU খ 02-03, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব/সহকারী পরিচালক-২১]
**a)** Plural common **b)** Plural proper **c)** Collective **d)** Material Ans:a

19. **I think – should pay more taxes.** (আমি মনে করি ধনীদের বেশি কর দেয়া উচিত) [RU (Law) 09-10]
**– should pay more taxes.** (ধনীদের বেশি কর দেয়া উচিত) [CU (C1) 06-07, (A) 15-16]
**a)** the rich **b)** the riches **c)** rich **d)** riches (রিচিজ্) Ans:a

20. **The poor always honour <u>the rich</u>.** [KU (A) 08-09]
**a)** noun **b)** adjective **c)** adverb **d)** pronoun Ans:a

**Collective Noun:** যে সকল **Noun** দ্বারা সমজাতীয় কিছু ব্যক্তি, বস্তুর সমষ্টিকে বোঝায় তাদেরকে **Collective Noun** বলে। অর্থাৎ কিছু **Common Noun** এর সমষ্টিবাচক নামকে **Collective Noun** বলে।
যেমন: army (সেনাবাহিনী), audience (শ্রোতামণ্ডলী), crowd (ক্রাউড-জনতা, ভিড়), committee (কমিটি, সমিতি), clergy (ক্লার্জি-যাজকমণ্ডলী), class (শ্রেণি), family (পরিবার), flock (ঝাঁক), herd (পাল), fleet (রণতরীর বহর), jury (বিচারকমণ্ডলী), majority (সংখ্যাগুরু), minority (সংখ্যালঘু), nation, team (দল), mob (উচ্ছৃঙ্খল জনতা), navy (নৌবাহিনী), parliament (সংসদ), public (জনসাধারণ) ইত্যাদি।
An **army** = a collection of soldiers, A **fleet** = a collection of ships or vessels
A **crowd** = a collection of people, A **crew** = A number of sailors, The **police** fired at the **mob**.
A **committee** of three was appointed. The **mob has** dispersed. The **army** was defeated.
We saw a **fleet** of **ships** in the harbour. (**fleet**-collective noun, **ships, harbour**-common noun)
Our **class** consists of twenty **pupils**. (**class**-collective noun, **pupils**-common noun)
**N.B.** cattle (গবাদিপশু), (the) police, people, poultry, vermin এসব collective noun গঠনে singular কিন্তু plural হিসেবে ব্যবহৃত হয়। Cattle are grazing in the field. The police were informed yesterday.

21. **What kind of noun is 'Cattle'?** [10th BCS, RU (দর্শন) 08-09, (ভূগোল) 09-10, 10-11, প্রাক-প্রাথমিক সহ: শিক্ষক (সিসিসিপি)-১৩, IU (B) 10-11, (H) 13-14, JnU (C) 10-11, COU (B) 13-14, JUST (F) 16-17, সরকারী মাধ্যমিক সহকারী শিক্ষক-১৯, ডাক জীবন বীমা, (পূর্বাঞ্চল) ঢাকা: অফিস সহকারী-২২, মন্ত্রিপরিষদ বিভাগে কম্পিউটার অপারেটর-২৩]
**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Material Ans:c

22. **A <u>herd</u> of cattle is passing. The underlined word here is-**
[জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক-০৯, 43rd BCS, পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়ে পোস্টম্যান-২৩]
**a)** adjective **b)** common noun **c)** collective noun **d)** abstract noun Ans:c

23. **The word 'army' is a-** [চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান-১৯]
**Kamal did not join the army. Here the word 'Army' is** [প্রাথমিক সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়)-১৯]
**a)** abstract noun **b)** common noun **c)** collective noun **d)** material noun Ans:c

24. **You must watch the fleet. Here 'fleet' is -** [RU (E) 14-15, সাউদিস্ট ব্যাংক লি. প্রবেশনারী অফিসার-১৬]
**a)** an abstract noun **b)** a proper noun **c)** a collective noun **d)** a material noun Ans:c

25. **'Ali saw a flock of sheep.' বাক্যে 'flock' শব্দটি কোন noun?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম)-১৩]
**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Abstract Ans:c

26. **What kind of noun is 'family'?** [IU (B) 12-13]
**a)** proper **b)** common **c)** collective **d)** material Ans:c


CamScanner

27. **The <u>crowd</u> was very big. Which form of noun the underlined word is-** [RU 07-08]
**The police dispersed the <u>crowd</u>. এখানে crowd শব্দটি কোন প্রকারের noun?** [প্রাথমিক প্রধান শিক্ষক-০৯]

**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Abstract Ans:c

| সহজ কথায়, কিন্তু Common Noun এর সমষ্টিই হচ্ছে Collective Noun [নিম্নে সমষ্টিবাচক উদাহরণ দেয়া হলো] | | | |
|---|---|---|---|
| A batch of students | ছাত্রের দল | A school/shoal of fish | মাছের ঝাঁক |
| A bevy of ladies/beauties | সুন্দরীদের সম্মিলন | A flight/swarm of locusts | পঙ্গপালের দল |
| A regiment/squadron/ troop/an army of soldiers | এক দল সৈন্য | A flock of birds/sheep | পাখির ঝাঁক/ভেড়ার পাল |
| | | A swarm of flies/bees | এক ঝাঁক মাছি/মৌমাছি |
| A team of players | খেলোয়াড়ের দল | A hive of bees | চাকের মৌমাছির ঝাঁক |
| A herd of cows/cattle | গবাদিপশু/গরুর পাল | A band of pilgrims | তীর্থযাত্রীর দল |
| A drove/herd of cattle | গরু-বাছুরের পাল | A band of musicians | বাদকের দল |
| A herd of swine/deer | হরিণ/শুয়োরের পাল | A bouquet of flowers | ফুলের তোড়া |
| A pack of hounds | শিকারি কুকুরের দল | A bunch of keys/flowers | চাবির/ফুলের গোছা |
| A pack of wolves | নেকড়ের দল | A bunch of bananas | কলার ছড়া |
| A pack of asses | গাধার দল | A bunch of grapes | আঙুরের থোকা |
| A gang/band of robbers | ডাকাত দল | A collection of relics | দুষ্প্রাপ্য বইয়ের সংগ্রহ |
| A pair of shoes | এক জোড়া জুতা | A crowd of passengers | যাত্রীদের ভিড় |
| A board of directors | ডাইরেক্টরদের বোর্ড | A heap of files | ফাইলের স্তুপ |
| A cluster of words | শব্দ সমষ্টি | A pile of books | এক গাঁদা বই |
| A grove of trees | তরুদল, কুঞ্জবন | A suit of clothes | এক প্রস্থ পোশাক |
| A clump of trees/bamboos | বাঁশের/বৃক্ষের ঝাড় | A troop of horses | ঘোড়ার পাল |
| A gathering of people | জন সমাবেশ | A troop of monkeys | বানরের দল |
| A throng/crowd of people | লোকজনের ভিড় | A litter of puppies | কুকুর ছানার দল |
| A brood of chickens | মুরগীর ছানার ঝাঁক | A string/train of camels | উটের পাল |
| A galaxy of talents | প্রতিভা সমাবেশ | A clump/row of trees | গাছের ঝাড়/সারি |
| A galaxy of stars | নক্ষত্রপুঞ্জ | A posse of constables | এক দল কনস্টেবল |
| A host of sparrows | এক ঝাঁক চড়াই পাখি | A multitude of people | লোকের বিশাল ভিড় |
| A flight/volley/shower/ quiver of arrows | এক ঝাঁক (নিক্ষিপ্ত) বাণ | A panel of experts | বিশেষজ্ঞবৃন্দ/দল |
| | | A pride of lions | সিংহের দল |
| A squad of homeguards | হোমগার্ডের দল | A wad of banknotes | নোটের গাঁট/তাড়া |

28. **I saw a – of cows in the field.** [বিসিআই সি'র সহ: ব্যবস্থাপক (প্রশাসন)-১১, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (ক্যাশিয়ার)-১৭]

**a)** group **b)** herd **c)** swarm **d)** flock Ans:b

29. **A group of lions is called-** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী-১৯]

**a)** a pack of lions **b)** a pride of lions
**c)** a flock of lions **d)** a colony of lions Ans:b

30. **Which collective noun is used to describe a number of sheep?** [KUET 15-16]
**What do you call a group of sheep?** [সাধারণ বীমা কর্পোরেশন (জুনিয়র অফিসার)-০৯]

**a)** herd **b)** gang **c)** flock **d)** pack **e)** crowd Ans:c

31. **I saw a – of monkeys in the forest.** (আমি জঙ্গলে এক দল বানর দেখলাম) [CU (A1) 14-15]

**a)** group **b)** herd **c)** swarm **d)** flock **e)** troop Ans:e



CamScanner

32. **Questions will be answered by a — of experts.** [উত্তরা ব্যাংক লি. অফিসার (ক্যাশ)-১৭]
**a)** panel **b)** staff **c)** bunch (বান্‌চ) **d)** band Ans:a

33. **What is the collective noun for a group of young partridges?** [সহকারী থানা শিক্ষা অফিসার-৯৯]
**a)** gaggle **b)** covey **c)** flock **d)** school Ans:b

partridge (তিতির পাখি), covey (তিতির পাখির ঝাঁক), gaggle (রাজহংসীর ঝাঁক), school (মাছের ঝাঁক) flock (পাখির ঝাঁক/মেষের পাল); **তথ্য: Pride** হচ্ছে সিংহের (lion) দল বা ময়ূরের (peacock) ঝাঁক।

34. **What is the collective noun for knives, forks, spoons, and other eating utensils?**
**a)** crockery **b)** cutlery **c)** weaponry **d)** eatery (ভোজনালয়) [IU 05-06] Ans:b

**Cutlery** হচ্ছে knives, forks, spoons, and other eating utensils (বাসন) ইত্যাদি এর collective noun
**Crockery** হচ্ছে Plates, cups, dishes ইত্যাদি এর collective noun; **Eatery**-রেস্টুরেন্ট বা ভোজনালয়।

## Common Noun ও Collective Noun এর মধ্যে পার্থক্য:

| Common Noun | Collective Noun |
|---|---|
| ■ Common noun দ্বারা কোনো একটি শ্রেণির সাধারণ নাম নির্দেশ করে।<br>■ সাধারণত Common noun এর সাথে s/es যুক্ত হয়ে plural common noun হয়। আবার The + adjective আকারেও plural common noun হয়। | ■ Collective noun দ্বারা Common noun এর সমষ্টি নির্দেশ করে।<br>■ শেষে s/es যুক্ত হয়ে কখনো plural collective noun হয় না। collective noun এর সাথে s/es যুক্ত হলে তা common noun হয়। |
| ■ Book : বই এর সাধারণ নাম<br>■ Player : খেলোয়াড়দের সাধারণ নাম<br>■ Sheep : ভেড়ার সাধারণ নাম | ■ Library, Pile : বইয়ের সমষ্টি<br>■ Team, Squad: কতিপয় খেলোয়াড়দের সমষ্টির নাম<br>■ Flock : কতিপয় ভেড়ার সমষ্টি |

**Noun of multitude:** **Collective noun** এর সদস্যদের মধ্যে বিভাজন সৃষ্টি হলে তাদেরকে একত্রে না বুঝিয়ে প্রত্যেককে আলাদাভাবে বা স্বতন্ত্রভাবে বুঝায় এবং এই বিভাজিত সমষ্টিকে **Noun of multitude** বলে।
**Collective noun** হচ্ছে অবিভক্ত সমষ্টি এবং এর **verb** ও **pronoun** দুটোই **singular** হয়ে থাকে।
**e.g.** The jury **is/was** unanimous in **its** decision. (বিচারকমণ্ডলী সিদ্ধান্তের ব্যাপারে একমত/একমত ছিল)
কিন্তু **Noun of multitude** এর **verb** এবং **pronoun** দুটোই **plural** হয়ে থাকে।
**e.g.** The jury **are/were** divided in **their** opinions. (বিচারকমণ্ডলী ভিন্ন ভিন্ন মত দিয়েছেন/মতবিভক্ত ছিলেন)
The jury **have argued** for five hours. [এক্ষেত্রে The jury = the men on the jury]
(Fowler এর মতে, 'Collective noun এবং Noun of multitude একই।' তবে verb এর number এ ভিন্নতা)

35. **The committee — unable to agree on this question.** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সুপারভাইজার)-১৫]
**a)** is **b)** was **c)** were **d)** none of those Ans:c

36. **Choose the correct sentence.** [বিচারকমণ্ডলী নিজেদের মধ্যে তর্ক করছেন] [DU (A) 12-13] [HSTU (E) 14-15]
**a)** The jury are arguing among themselves.
**b)** The jury is arguing among themselves.
**c)** The jury has argued among themselves.
**d)** The jury has been arguing among themselves. Ans:a

লক্ষণীয়, themselves হচ্ছে jury এর plural reflexive pronoun তাই jury এর verb টি অবশ্যই plural হবে

37. **The jury were divided in their opinions** (মতামত). **Here 'jury' is a –** [RU 09-10]
**The audience remains seated during the intermission** (সিনেমা, নাটকের মধ্য বিরতি). [CU A 08-09]
**a)** Proper noun **b)** Collective noun **c)** Common noun **d)** Abstract noun Ans:b



CamScanner

**Material Noun:** যে সকল Noun দ্বারা কোনো পদার্থের পৃথিবীতে বিদ্যমান সম্পূর্ণ অস্তিত্বকে অবিভাজ্যভাবে বোঝায় এবং যাদেরকে সংখ্যা দ্বারা গণনা করা যায় না কিন্তু একক দ্বারা পরিমাপ করা যায়, তাদেরকে Material Noun বলে।
যেমন: Diamond, Gold, Iron, Water, Oil, Rice, Paper, Milk, Salt, Brick ইত্যাদি।
আবার, যে material বা পদার্থ দ্বারা কোনো জিনিস গঠিত হয় তাকে Material Noun বলে। Material Noun থেকে উৎপন্ন বস্তুতে উক্ত material অপরিবর্তিত থাকলে এবং উৎপন্ন বস্তুটি গণনা করা গেলে তা Common noun হবে।
যেমন: This ring is made of gold. [ring এ এর উপাদান gold অপরিবর্তিত থাকে। তাই gold হচ্ছে Material noun আর ring হচ্ছে গণনাযোগ্য তাই এটি Common noun] **Material Noun এর অপর নাম Mass noun**

38. **'Water' is a — noun.** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর-১৯]
**The word 'Gold' is a — noun.** [NSI-এর সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর-১৭]
a) proper b) common c) material d) abstract Ans:c

39. **What type of the noun the word 'Rice' is?** [চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান-১৯]
**'Salt' কোন noun?** [প্রাথমিক প্রধান শিক্ষক-৯৮]
a) Proper noun b) Common noun c) Abstract noun d) Material noun Ans:d

40. **This necklace is made of gold' বাক্যে 'gold' শব্দটি -** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা)-১৩]
**'This ring is made of gold.' বাক্যে gold শব্দটি কোন প্রকারের Noun?** [প্রাথ: সহ: শিক্ষক-০৫, IU 10-11]
a) Collective noun b) Common noun c) Material noun d) Abstract noun Ans:c

**Common Noun ও Material Noun এর মধ্যে পার্থক্য:**

| Common Noun | Material noun |
|---|---|
| ■ Common noun দ্বারা Material noun থেকে উৎপন্ন গণনাযোগ্য জিনিস বুঝায়। | ■ Material noun দ্বারা Common noun এর উপাদান বুঝায় যা অগণনাযোগ্য এবং পরিমাণবাচক। |
| ■ Ring, Necklace : Gold, Diamond, Silver থেকে উৎপন্ন জিনিসের নাম যা গণনা করা যায়।<br>■ Book, Envelope (খাম) : Paper থেকে উৎপন্ন<br>■ River : নদীর সাধারণ নাম<br>■ Sheep : ভেড়া গণনা করা যায় | ■ Gold, Diamond, Silver: সাধারণ পদার্থের নাম বা কোনো জিনিসের উপাদানের নাম যা গণনা করা যায় না।<br>■ Paper : বই তৈরীর উপাদান<br>■ Water : নদীর উপাদান<br>■ Mutton (ভেড়ার মাংস): Sheep এর উপাদান |

41. **'Mutton' is a/an** [38th BCS, JKKNIU (C) 18-19]
a) Common noun b) Abstract Noun c) Material noun d) Proper noun Ans:c

**Abstract noun:** যে সকল noun দ্বারা দোষ, গুণ, অবস্থা ও কাজের নাম বোঝায়, তাদেরকে Abstract noun বলে এবং এদের শেষে ce, cy, th, ty, ness, ment, hood, tion, sion, ship, dom, ry ইত্যাদি 'suffix' থাকে।
Abstract noun কে সাধারণত পঞ্চ ইন্দ্রিয় (চোখ, নাক, কান, জিহ্বা, ত্বক) দ্বারা শনাক্ত করা যায় না।

| | | | |
|---|---|---|---|
| **ce** | choice, obedience, defence, prudence | **ness** | kindness, forgiveness, happiness |
| **cy** | decency, infancy, lunacy, urgency | **sion** | passion, conclusion, conversion |
| **th** | strength, truth, youth, length, width | **tion** | ration, repetition, affection, emotion |
| **ty** | beauty, honesty, humility, poverty | **ship** | friendship, kingship, ownership |
| **ion** | union, opinion, action, revision | **tude** | magnitude, servitude, solitude |
| **al** | denial, approval, removal, arrival | **hood** | manhood, motherhood, childhood |
| **age** | marriage, bondage, courage, rage | **dom** | wisdom, martyrdom, freedom |
| **ry** | bravery, slavery, victory, beggary | **mony** | parsimony, matrimony, testimony |
| **ism** | heroism, patriotism, socialism | **red** | kindred, hatred |
| **ure** | pleasure, seizure, measure | **ment** | agreement, judgement, argument |



CamScanner

**N.B.** Arts এবং sciences এর নামগুলো Abstract noun হবে। e.g. music, grammar, chemistry ইত্যাদি।

42. **What type of noun the word 'Chemistry' is?** [DPE সহকারী শিক্ষক-১৮]

**a)** abstract **b)** material **c)** proper **d)** common Ans:a

## Formation of Abstract Nouns

Adjective, Verb এবং Common Noun থেকে Abstract Noun গঠিত হতে পারে। (নিম্নে দেখুন)

| Adjective | Abstract | Adjective | Abstract | Adjective | Abstract |
|---|---|---|---|---|---|
| Cruel | cruelty | Long | length | Proud | pride |
| Honest | honesty | Broad | breadth | Hot | heat |
| Humble | humility | Deep | depth | Wise | wisdom |
| Sleepy | sleepiness | True | truth | Brave (ব্রেইভ) | bravery (ব্রেইভারি) |
| Bitter | bitterness | Wide | width | High | height |
| Dark | darkness | Young | youth | Sole | solitude |
| Cold | coldness | Just | justice ✓ | Poor | poverty<br>poorness |
| Great | greatness | Prudent | prudence | | |

| Common | Abstract | Common | Abstract | Common | Abstract |
|---|---|---|---|---|---|
| Boy | boyhood | Agent | agency | Friend | friendship |
| Child | childhood | Infant | infancy | Owner | ownership |
| Man | manhood | Regent | regency | King | kingship |
| Mother | motherhood | Bankrupt | bankruptcy | Author | authorship |
| Hero | heroism | Pirate | piracy | Captain | captaincy<br>captainship |
| Patriot | patriotism | Coward | cowardice | | |
| Rascal | rascality | Enemy | enmity | Slave | slavery |
| Pilgrim | pilgrimage | Thief | theft | Beggar | beggary |
| Glutton | gluttony | Bond | bondage | Rogue | roguery |

| Verb | Abstract | Verb | Abstract | Verb | Abstract |
|---|---|---|---|---|---|
| Defend | defence | Please | pleasure | Starve | starvation |
| Hate | hatred | Judge | judgement | Act | action |
| Choose | choice | Protect | protection | Know | knowledge |
| Live | life | Depart | departure | Persevere | perseverance |
| Move | motion | Obey (আবেই) | obedience | Flatter | flattery |
| See | sight | Succeed | success | Converse | conversation |
| Think | thought | Steal | stealth | Discover | discovery |
| Free | freedom | Pursue | pursuit | Occupy | occupation<br>occupancy |
| Seize | seizure | Relieve | relief | | |
| Advise | advice | Believe | belief | Expect | expectation<br>expectancy |
| Laugh | laughter | Die | death | | |

**নিম্নোক্ত শব্দগুলোর Verb এবং Abstract noun একই form হয়ে থাকে।**

Love, Desire, Hope, Help, Fear, Step, Touch, Regret, Taste, Run, Sleep, Cry, Sob, Stay, Stop, Order, Rise, Fall, Ride, Work ইত্যাদি (এবং Laugh, Move)।

43. 'Slave' শব্দটির Abstract Noun হবে - [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা)-১৩]
a) Slavery b) Slave c) Slaverer d) Slaves Ans:a

44. What kind of noun is 'honesty'? [গণপূর্ত অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১১, IU G 13-14, H 17-18]
a) Proper b) Common c) Abstract d) Collective Ans:c

45. Honesty is the best policy. এখানে honesty কোন noun? [প্রাথমিক প্রধান শিক্ষক (শাপলা)-০৯, CU D 07-08, সোনালী ব্যাংক অফিসার-১৪, RU (A, জোড়) 14-15, BRUR (F) 14-15, ডাক বিভাগের মেইল অপারেটর-১৯]
a) Proper noun b) Common noun c) Collective noun d) Abstract noun Ans:d

46. Which type of noun 'beauty' is- [শ্রম মন্ত্রণালয়ের রেজিস্ট্রার-০০, RU 05-06]
'Beauty is truth' Here 'beauty' is – noun [৯ম শিক্ষক নিবন্ধন-১৪]
a) Common b) Proper c) Collective d) Abstract Ans:d

47. Wisdom is better than strength. এখানে strength শব্দটি- [প্রাথমিক প্রধান শিক্ষক-০৯, JU (B2) 13-14]
a) Proper noun b) Common noun c) Collective noun d) Abstract noun Ans:d

48. Without health there is no happiness. এখানে happiness শব্দটি- [প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা)-১০]
a) Proper noun b) Common noun c) Collective noun d) Abstract noun Ans:d

49. What kind of noun is 'Discipline'? [IU 06-07, DPE সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটাগার কাম হিসাবরক্ষক-১৮]
a) Abstract noun b) Collective noun c) Proper noun d) Common noun Ans:a

50. 'Forgiveness is a great virtue.' বাক্যে forgiveness শব্দটি কোন প্রকারের noun? [প্রাথ: সহ: শিক্ষক-০৫]
a) Proper Noun b) Common Noun c) Abstract Noun d) Collective Noun Ans:c

51. The word 'Agency (এজেন্সি-প্রতিনিধিত্ব)' is a/an - [IU (চ) 10-11, JKKNIU (গ) 16-17]
a) Common noun b) Collective noun c) Proper noun d) Abstract noun Ans:d

52. 'Truth must prevail in the long run.' বাক্যে 'Truth' শব্দটি কোন প্রকারের noun?
(শেষ পর্যন্ত/অবশেষে সত্যই টিকে থাকবে/জয়লাভ করবে) [CU (H) 07-08, প্রাথমিক সহকারী শিক্ষক (বসন্ত, মুক্তিযোদ্ধা)-১০]
a) Common noun b) Proper noun c) Abstract noun d) Collective noun Ans:c

53. The soldiers were rewarded for their bravery. Which class of noun 'bravery (ব্রেইভেরি)' belongs to? [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক-০৩, KU (BS) 10-11, বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৯]
a) Collective noun b) Common noun c) Material noun d) Abstract noun Ans:d

54. What type of noun the word 'infancy' is? [KU (জীববিজ্ঞান স্কুল) 16-17, প্রাথমিক সহকারী শিক্ষক-১৮]
a) Common b) Abstract c) Material d) Collective Ans:b

55. Nelson is famous for his <u>victory</u> at Trafalgar. [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক-০৪, RU 06-07]
a) Proper noun b) Common noun c) Collective noun d) Abstract noun Ans:d

56. He is a man of sound judgement. Here 'judgement' is [মেকানিক্যাল এন্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং-৯৯]
a) common noun b) abstract noun c) collective noun d) material noun Ans:b

57. 'Beggar' শব্দটির Abstract Form হবে - [প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা)-১০]
a) Beggarhood b) Beggary c) Beggarship d) Beggarness Ans:b

58. 'Broad' শব্দটির Abstract Form হবে - [প্রাথমিক সহকারী শিক্ষক (তিতাস)-১০]
a) Breadth b) Broadness c) Broader d) Broadship Ans:a

59. What is the abstract noun form of 'Hero'? [সোনালী ব্যাংক-১৪]
a) Heroism b) Heroic c) Heroine d) Hero-like Ans:a

60. 'King' শব্দটির abstract noun হচ্ছে - [প্রাথমিক সহকারী শিক্ষক-১০]
a) Kingship b) King c) Kinghood d) Kingly Ans:a



CamScanner

## Different kinds of Nouns according to previous year questions

**Proper Noun:** The Ittefaq (ইত্তেফাক) Bashar, Bangladesh, Rahim, Shamim, June

**Common Noun:** Ring (আংটি), River (নদী), Book (বই), Man (মানুষ), Boy (বালক) Girl (বালিকা), Child (শিশু), Children (ছেলেমেয়ে), City (নগরী), Bank (ব্যাংক), Harbour (পোতাশ্রয়), Pupils (ছাত্রবৃন্দ), Infant (শিশু), Sailors (নাবিক), Fighter (যোদ্ধা), College (মহাবিদ্যালয়), Doctor (ডাক্তার), Soldier (সৌলজার-সৈনিক), Island (আইল্যান্ড-দ্বীপ), Month (মাস), Envelope (খাম), Pirate (পাইরেট-জলদস্যু)

**Collective Noun:** Army (সৈন্যদল), Audience (অডিয়েন্স-শ্রোতামণ্ডলী), Cattle (ক্যাটল-গবাদিপশুর সমষ্টি), Class (শ্রেণি), Committee (কমিটি), Crew (ক্রু-নাবিক দল), Family (পরিবার), Flock (পাখির ঝাঁক, ভেড়ার পাল), Fleet (রণতরীর বহর), Gang (ডাকাতের দল), Herd (হাড্-গবাদিপশুর পাল), Infantry (পদাতিক বাহিনী), Jury (বিচারকমণ্ডলী), Library (বইয়ের সংগ্রহ), Pack (নেকড়ের পাল), School/shoal (মাছের ঝাঁক), Team (দল)

**Material Noun:** Water (পানি), Wood (কাঠ), Paper (কাগজ), Steel (ইস্পাত), Milk, Salt (লবণ), Iron

**Abstract noun:** Agency (এজেন্সি-প্রতিনিধিত্ব), Death (মৃত্যু), Honesty (সততা), Length (দৈর্ঘ্য), Height (হাইট্-উচ্চতা), Unity (একতা), Poverty (দরিদ্রতা), Youth (ইয়ুথ-যৌবন), Kindness (দয়া), Childhood (চাইল্ডহুড-শৈশব), Manhood (পুরুষত্ব), Studentship (ছাত্রত্ব), Humility (বিনয়, নম্রতা), Friendship (বন্ধুত্ব), Roguery (রৌগারি-বদমাইশি, দুষ্টামি), Truth (সত্যতা), Theft (চুরি), Victory (বিজয়)

61. **Which one is an abstract noun?** [-উপ-সহকারী প্রকৌশলী-১৯, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরে অফিস সহকারী-২৩]
**a)** Class **b)** Rice **c)** Intelligence **d)** Team Ans:c

62. **Which one is a material noun?** [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)-১৯]
**a)** Group **b)** Meat **c)** Seriousness **d)** Party Ans:b

63. **What kind of noun is the word 'kindness'?** [সমবায় দপ্তরের দ্বিতীয় শ্রেণির গেজেটেড অফিসার-৯৭, থানা সহকারী শিক্ষা অফিসার-০৪, কারা তত্ত্বাবধায়ক-০৬, JU (H) 14-15, বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স অফিসার-১৭, RU (E) 17-18]
**a)** Proper **b)** Common **c)** Abstract **d)** Material Ans:c

64. **Which of the following is not a collective noun?** [সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী)-১৫]
**a)** Navy (নেইভি) **b)** Public **c)** Love **d)** Orchestra (ও°কিস্ট্রা-বাদকদল) Ans:c

65. **Which of the following is not a collective noun?** [....জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৫]
**a)** Class **b)** Audience **c)** Peer **d)** Public [IU (G) 16-17] Ans:c

66. **কোনটি Abstract noun?** [প্রাথ: সহ: শিক্ষক (ঢাকা)-০৬, প্রাক-প্রাথ সহ: শিক্ষক-১৩, পরিবার পরিকল্পনা পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১৫]
**a)** Long **b)** Height (হাইট) **c)** Man **d)** Jury Ans:b

67. **কোনটি Collective Noun নয়?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী-১৩]
**a)** Cattle (ক্যাটল) **b)** Police **c)** Audience **d)** City Ans:d

68. **Which of the following is abstract noun?** [RU রাষ্ট্রবিজ্ঞান 06-07, ঔষধ প্রশাসন অধিদপ্তরে অফিস সহকারী-২২]
**a)** Childhood **b)** Child **c)** Boy **d)** Family Ans:a

69. **Which one of the following is not a collective noun?** [রেলওয়ের উপসহকারী পরিচালক-১৩]
**a)** basis (বেইসিস) **b)** fleet **c)** shoal (শৌল্) **d)** crew (ক্রু) Ans:a

70. **কোনটি Collective Noun?** [সরকারী প্রাথমিক সহকারী শিক্ষক (রাজশাহী)-০৬, প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা)-১৩]
**a)** Books **b)** Girl **c)** Library **d)** Soldiers (সৌলজারস্) Ans:c

71. **কোনটি Common Noun?** [প্রাথমিক সহকারী শিক্ষক-১১, প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা)-১৩]
**a)** March **b)** Class **c)** Jute **d)** Mouth Ans:d

72. **কোনটি Common Noun?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা)-১৩]
**a)** February **b)** Jute **c)** Month **d)** Class Ans:c



CamScanner

73. কোনটি Common Noun? [প্রাথমিক প্রধান শিক্ষক (বাগানবিলাস)-১২, JKKNIU (ঘ) 16-17]
a) Starve b) Pirate c) Human d) Roguery (রৌগারি) Ans:b,c

74. কোনটি Abstract Noun? [প্রাথমিক প্রধান শিক্ষক (বাগানবিলাস)-১২, স্বাস্থ্য অধিদপ্তরে অফিস সহায়ক-১৮]
a) City b) Boy c) Obey d) Humility Ans:d

75. Which one is a common noun? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১০, BBS এর পরিসংখ্যান সহকারী-২০]
a) Salt b) Army c) Studentship d) Infant Ans:d

76. কোনটি Material Noun? [প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা)-১২]
a) Wood b) Mouth c) Team d) Knife (নাইফ) Ans:a

77. কোনটি Collective Noun? [প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা)-১২]
a) June b) Team c) Month d) Envelope Ans:b

78. কোনটি Collective Noun? [প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া)-১২]
a) Truth b) Harbour c) Bank d) Committee Ans:d

79. কোনটি Common Noun? [প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া)-১২]
a) Pupils (পিউপলস্) b) Shamim c) Class d) Team Ans:a

80. Which one is abstract noun? [রেজি: প্রাথ:সহ: শিক্ষক (হাসনাহেনা)-১১, দুদকের ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর-২০]
a) Manhood b) Friend c) Fleet d) Anwar Ans:a

81. কোনটি Common Noun? [প্রাথমিক সহকারী শিক্ষক (কর্ণফুলী)-১২, পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়ে পোস্টম্যান-২৩]
a) Truth b) Bank c) Victory d) Length Ans:b

82. Which one is a collective noun? [৭ম প্রভাষক নিবন্ধন-১১]
a) friendship b) gang c) doctor d) honesty (অনেস্টি) Ans:b

83. কোনটি Collective Noun? [রেজিস্ট্রার্ড বেসরকারী প্রাথমিক সহকারী শিক্ষক (শিউলী)-১১]
a) Bashar b) Class c) Youth (ইয়ুথ) d) Island (আইল্যান্ড) Ans:b

84. কোনটি Material Noun? [সর: প্রাথ: সহকারী শিক্ষক-০৬, রেজি: প্রাথ: সহকারী শিক্ষক (শিউলি)-১১, ইউনিয়ন সমাজকর্মী-১৬]
a) Book b) Ring c) River d) Paper Ans:d

85. Which one is an abstract noun? [৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন-১০]
a) Children b) Honesty c) Flock (ফ্লক্) d) Cattle (ক্যাটল্) Ans:b

86. Which one is abstract noun? [PSTU (A) 06-07, RU (রাষ্ট্রবিজ্ঞান) 06-07, বাংলাদেশ কৃষি ব্যাংক-১২]
a) boy b) child (চাইল্ড) c) Childhood d) family Ans:c

87. Which one of the following is a proper noun? [কর্মসংস্থান ব্যাংক (সহকারী অফিসার, সাধারণ/ক্যাশ)-১২]
a) Man b) Group c) Run d) Dhaka Ans:d

88. The jury found the prisoner guilty. (বিচারকমণ্ডলী কারাবন্দী/কয়েদিকে দোষী সাব্যস্ত করলো)
এখানে jury শব্দটি কোন প্রকারের Noun? [প্রাথমিক সহকারী শিক্ষক (তিতাস)-১০, COU (B) 12-13, জুনিয়র অডিটর-১৪]
a) Proper b) Collective c) Common d) Abstract Ans:b

89. What class of noun 'bravery (ব্রেইভেরি)' belongs to- [দুর্নীতি দমন ব্যুরোর উপ-সহকারী পরিদর্শক-০৮]
a) collective b) common c) material d) abstract Ans:d

90. Which of the following is not a common noun? [সোশাল ইসলামী ব্যাংক-০৪]
a) man b) village c) Chittagong d) river Ans:c

91. Which one is in abstract sense? [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]
a) Monument b) Tower c) Brat (ছোকরা) d) Passion Ans:d

92. Which of the following is NOT an abstract noun? [DU (B) 17-18]
a) Goodness (সদ্গুণ) b) Family c) Bravery (সাহস) d) Childhood Ans:b



CamScanner

93. **What type of noun 'freedom (স্বাধীনতা, মুক্তি)' is?**
[গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৭, হিসাব মহানিয়ন্ত্রকের (CGA) কার্যালয়ে কম্পিউটার মুদ্রাক্ষরিক-২২]
**a)** proper **b)** abstract **c)** collective **d)** common Ans:b

94. **What kind of noun is 'An army'?** [পাসপোর্ট ও ইমিগ্রেশনের সহকারী পরিচালক-০৭]
**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Material Ans:c

95. **Find out the common noun.** [RU (A3-odd) 12-13, কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইনস্ট্রাক্টর-২১]
**a)** Flock (ফ্লক) **b)** Bunch **c)** City **d)** Dhaka Ans:c

96. **Which group of words are collective nouns?** [DPEO-93, BSMRUST (E) 12-13]
**a)** Unity, Poverty **b)** Cattle, Army **c)** Team, Steel **d)** Milk, Water Ans:b

## Transformation of Nouns

Proper noun, Material noun, Abstract noun কে দুইটি উপায়ে Common noun করা যায়। প্রথমত, এদের পূর্বে articles (a, an, the) বসিয়ে এবং দ্বিতীয়ত, এদেরকে plural বা বহুবচনে রূপান্তরিত করে। কিন্তু Collective noun কে শুধুমাত্র plural করে (পূর্বে সংখ্যাবাচক শব্দ বসিয়ে অথবা s/es যুক্ত করে) common noun করা যায়।

### A Proper noun becomes Common noun

**Rule-01:** সাদৃশ্য তুলনা করলে তুলনীয় Proper noun টি Common noun হয়ে যায় এবং এক্ষেত্রে Common noun টির পূর্বে article বসে। স্থানের নাম দ্বারা নির্দিষ্ট করে বুঝালে the এবং অনির্দিষ্ট বা অনেকের মত একজন বুঝালে a/an বসে।
Nelson Mandela is an Abraham Lincoln in his ideals. Bankim Chandra is the Scott of Bengal. He thinks he is a Rabindranath. A Newton is not born every year. (নিউটন বছর বছর জন্মে না)

**Rule-02:** একই নামের একাধিক বা অনেককে বোঝায়। এক্ষেত্রে **Proper noun টির plural হয়।**
I know the Rahims of your village. There are two Saifuls in my class.

97. **Which one is correct?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও কারা তত্ত্বাধায়ক-০৬]
**a)** Kazi Nazrul Islam is the Shelley of Bangladesh
**b)** Kazi Nazrul Islam is the Shelley of the Bangladesh
**c)** Kazi Nazrul Islam is a Shelley of Bangladesh
**d)** Kazi Nazrul Islam is a Shelley of the Bangladesh
Ans:a

98. **Nazrul is the Byron of Bangladesh. The underlined word is used as -**
[সহকারী পরিচালক (হিসাবরক্ষণ) বাংলাদেশ টিএন্ডটি বোর্ড-৯৫, CU (F) 12-13]
**a)** Proper Noun **b)** Common Noun **c)** Material Noun **d)** Abstract Noun Ans:b

### Abstract noun becomes Common noun

**Rule-01:** abstract noun এর পূর্বে the বসিয়ে নির্দিষ্ট করলে abstract noun টি common noun হয়ে যায়।
They praised the honesty of the boy. The kindness of Mohsin has become a proverb.

99. **The charity of Hatem Tai is known to all. The underlined word is-** [HSTU (D) 14-15]
**The charity of Hatem Tai is known to all. The word 'charity' is-** [সহ: থানা শিক্ষা অফিসার-১০]
**a)** material noun **b)** common noun **c)** abstract noun **d)** collective noun Ans:b

100. **They praised the honesty of the girl. Here the underlined word is a/an-**
**a)** material noun **b)** abstract noun [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক-১৭]
**c)** common noun **d)** proper noun
Ans:c

**Rule-02:** যখন abstract noun দ্বারা কোনো গুণ না বুঝিয়ে ঐ গুণসম্পন্ন ব্যক্তিকে বোঝায় তখন তা common noun হয়ে যায়। এক্ষেত্রে abstract noun টির পূর্বে article বসে অথবা abstract noun টির plural হয়।
He is a justice of the peace. There are four justices present. [বাক্যে justice এর অর্থ judge (বিচারক)]
She is a beauty. (a beautiful lady- সুন্দর নারী) He is a danger (বিপজ্জনক ব্যক্তি) to the country.

101. **He is a justice of the High Court. Here 'justice' is a/an- noun.** [৭ম শিক্ষক নিবন্ধন-১১]
**a)** abstract **b)** material **c)** proper **d)** common Ans:d

## Material noun becomes Common noun

**Rule-01:** Material noun এর পূর্বে The বসিয়ে নির্দিষ্ট করলে Material noun টি common noun হয়ে যায়। The water of the Ganga is sacred. (গঙ্গা নদীর পানি পবিত্র) The gold of South Africa is pure.

**Rule-02:** যখন Material noun দ্বারা কোনো উপাদান না বুঝিয়ে উপাদানে তৈরী জিনিস বোঝায় তখন তা common noun হয়ে যায়। এক্ষেত্রে Material noun টির পূর্বে article বসে অথবা plural হয়।

He was put in irons (chain made of iron). He bought an iron (calender made of iron). Drive the nail (pin made of iron) into the table. [iron (লোহা) হচ্ছে material noun কিন্তু irons (শেকল), an iron (ইস্ত্রি) এবং nail (পেরেক) গণনাযোগ্য বিধায় এরা হচ্ছে common noun

102. **Drive the nail into the table. এখানে nail শব্দটি কোন প্রকারের noun?** [প্রাথমিক প্রধান শিক্ষক (পত্র)-০৯]

**a)** Proper **b)** Common **c)** Collective **d)** Material [IU B 16-17]Ans:b

nail (পেরেক) হচ্ছে iron থেকে উৎপন্ন বস্তু এবং এর পূর্বে article (the) আছে বিধায় nail হচ্ছে common noun

103. **The rice of Dinajpur is fine. The underlined 'rice' in the sentence is a** [HSTU B 15-16]

**a)** proper noun **b)** common noun **c)** collective noun **d)** abstract noun Ans:b

## Collective noun becomes Common noun

**Rule :** Collective noun এর পূর্বে সংখ্যাবাচক শব্দ বসালে অথবা s/es যুক্ত করলে তা common noun হয়ে যায়।
**e.g.** The armies of the allies came in time. Twelve teams will participate in the tournament.

104. **Our class consists of twenty public. Here 'public' is an example of –** [JU 09-10]

**a)** Common noun **b)** Proper noun **c)** Collective noun **d)** Abstract noun Ans:a

105. **There are ten classes in our school. What kind of noun is the word 'class'** [KUET 06-07]

**a)** abstract noun **b)** common noun **c)** collective noun **d)** noun of multitude Ans:b

class, public সাধারণত collective noun কিন্তু এদের plural করায় এরা common noun হয়েছে।

## Common noun becomes Proper noun

**Rule:** Common noun দ্বারা একটি নির্দিষ্ট কোনো নাম বুঝালে এবং তা Capital letter দ্বারা শুরু হলে তা Proper noun হয়ে যায়। Our Father (= God) will save us. The United States of America is a rich state.

## Common noun becomes Abstract noun

**Rule:** common noun টি দ্বারা অভ্যন্তরীণ গুণ বোঝালে তা Abstract noun হয়ে যায়। এক্ষেত্রে common noun টির পূর্বে the এবং পরে in থাকে। **e.g.** Check the beast in you. (তোমার পশুত্বকে দমন কর)

The mother in her arose at the sight of the poor boy. গরীব ছেলেটিকে দেখে তার মধ্যে মাতৃত্ব জেগে উঠল।

The father in him could not bear the sight. The patriot in him could not bear the sight.

## Abstract noun becomes Proper noun

**Rule:** Abstract noun টিতে ব্যক্তি বৈশিষ্ট্য আরোপ করা হলে (personify করা হলে) এবং capital letter এ লিখলে তা Proper noun হয়ে যায়। **e.g.** He is not the favoured child of Fortune. He is a child of Fortune.

Let not Ambition mock their useful toil. Death lays his icy hands on kings.

## The same word but different noun according to the sense

He feeds his poultry every day. (collective noun) He eats poultry every week. (material noun)

Fish live in water. (common noun) Fish is good for food. (material noun)

I like green mangoes. (common noun) Mango is my favourite fruit. (material noun)

**N.B.** খাদ্য বুঝালে noun টি material noun হয়। Fish, Mango, poultry (হাঁস-মুরগীর মাংস) দ্বারা খাদ্য বুঝাচ্ছে। তাই, যেকোনো animal এর মাংস সাধারণত material noun হবে। যেমন: beef (গরুর মাংস), mutton (ভেড়ার মাংস)

## YOUR TURN

106. **Which one of the following is an example of proper noun?** [উপজেলা/আরবান প্রোগ্রাম কো-অর্ডিনেটর-২০]
**a)** The police **b)** Car **c)** Bangladesh **d)** Family Ans:c

107. **Which of the following nouns is not a proper noun?** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অডিটর-১৯]
**a)** Team **b)** Dhaka **c)** Sunday **d)** Kabir Ans:a

108. **A noun referring to things that our five senses can't detect is called :** [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-১৮]
**a)** proper noun **b)** common noun
**c)** material noun **d)** abstract noun Ans:d

109. **Which of the following is close to 'archipelago' in meaning** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]
**a)** A group of archives **b)** Archeological sites
**c)** A group of islands **d)** Arch of a building
archipelago = দ্বীপপুঞ্জ
Ans:c

110. **What kind of noun is 'committee'?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-১৮]
**a)** abstract **b)** proper **c)** collective **d)** common Ans:c

111. **কোনটি Abstract noun?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা)-১৩, পরিবার পরিকল্পনা পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১৫]
**a)** Long **b)** Height (হাইট) **c)** Man **d)** Jury Ans:b

112. **নিচের কোনটি Abstract Noun এর উদাহরণ?** [প্রাথমিক প্রধান শিক্ষক (জবা)-০৯]
**Which of the following is abstract noun?** [RU 06-07, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী-১৩]
**a)** Child **b)** Boy **c)** Family **d)** Childhood Ans:d

113. **Would you like to have – tea?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক-১৩]
**a)** a little **b)** any **c)** some **d)** a cup of Ans:d

114. **নিম্নের কোনটি Abstract noun নয়?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স এর অধীন জুনিয়র অডিটর-১৪]
**a)** air **b)** goodwill **c)** flavour **d)** water Ans:a,d

115. **Iron is a useful metal. এখানে 'Iron' শব্দটি কোন প্রকারের Noun?** [প্রাথমিক সহকারী শিক্ষক (সিলেট)-০৬]
**a)** Proper Noun **b)** Material Noun **c)** Collective Noun **d)** Common Noun Ans:b

116. **'Ali saw a flock of sheep.' বাক্যে 'flock' শব্দটি -** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম)-১৩]
**'I saw a flock of sheep.' বাক্যে 'flock' শব্দটি কোন প্রকারের noun?** [প্রাথমিক সহকারী শিক্ষক (বরিশাল)-০৬]
**a)** Proper noun **b)** Common noun
**c)** Collective noun **d)** Material noun Ans:c

117. **Our team is better than yours.' Here 'team' is-** [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/অফিস সহকারী-২২]
**'Our team is better than yours.' বাক্যে 'Team' শব্দটি কোন প্রকারের Noun?** [প্রাথ: সহ: শিক্ষক (হেমন্ত)-১০]
**a)** Common Noun **b)** Collective Noun
**c)** Material Noun **d)** Material Noun Ans:b

118. **Which group of words are Collective nouns?** [উপজেলা সমাজসেবা অফিসার-০৮]
**a)** Sajib, America **b)** Water, Milk, Steel
**c)** Cattle, Army, Class **d)** Unity, Health, Poverty Ans:c

119. **'Flock' is a –** [RU (লোকপ্রশাসন) 09-10, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ)-১৮]
**a)** Proper noun **b)** Common noun
**c)** Collective noun **d)** Abstract noun
A flock of birds/sheep
Ans:c

120. **কোনটি Abstract Noun?** [প্রাথমিক সহকারী শিক্ষক (কর্ণফুলী)-১২]
**a)** Elephant **b)** Harbour **c)** Strength **d)** Dhaka Ans:c

121. **কোনটি Abstract Noun?** [প্রাথমিক প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম)-১২]
**a)** Agency **b)** Infant **c)** Anxious **d)** Grand Ans:a

Infant, Anxious (adj), Grand (adj) এর Abstract Noun হচ্ছে যথাক্রমে Infancy, Anxiety, Grandeur

122. কোনটি Collective Noun? [প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা)-১৩]
a) Boy b) Books c) Library d) Mouth Ans:c

123. Abstract noun of the word 'Long' is --- [প্রাথমিক সহকারী শিক্ষক-০৫, (কংস)-০৮]
a) Length b) Longer c) Lengthier d) Lengthen Ans:a

124. The best word stands for Abstract noun is- [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক-০৪]
a) Beauty b) Boat c) Sail d) Bird Ans:a

125. What kind of noun is 'journey'? [RU 09-10]
a) common b) collective c) proper d) abstract Ans:a

Journey হচ্ছে গণনাযোগ্য তাই common noun/countable noun - A **journey** by bus/train/boat etc. Life is often likened to a **journey**. I love going on long **journeys**. Have a safe **journey**!

126. Find the collective noun from the following: [COU (A) 13-14, JKKNIU (ক) 14-15]
a) Water b) Cow c) Kindness d) Army Ans:d

127. Which of the following words is not similar to 'school'? [IU (চ) 10-11, (BBA) 15-16]
a) flock (ফ্লক) b) herd (হাড়) c) college d) pack Ans:c

128. Which one of the following is a common noun? [JKKNIU (গ) 16-17]
a) pirate b) humility c) roguery d) straw Ans:a

129. Water has no colour of its own. What type of noun the underlined word is?[JU H 17-18]
Diamond is a precious metal. Which class of noun 'Diamond' belongs to'? [IU 06-07]
a) Common b) Abstract c) Proper d) Material Ans:d

130. What kind of noun is 'Infant'? [BRUR (B) 16-17]
a) Proper b) Common c) Material d) Collective Ans:b

131. The word 'hatred (হেইট্রিড-ঘৃণা)' is — noun. [COU (A) 16-17]
a) an abstract b) a proper c) a collective d) a material Ans:a

132. 'Love', 'courage' and 'childhood' are examples of- [BRUR (F) 15-16, SUST (B) 15-16]
a) proper nouns b) abstract nouns
c) countable nouns d) common nouns Ans:b

133. Which noun below is a collective noun? [BSMRSTU (G) 16-17]
a) men b) duck c) family d) children Ans:c

134. An enormous — of locusts ate all of the crops. [CU (A) 16-17]
a) swarm b) bunch (বান্‌চ) c) herd (হাড়) d) bevy e) school Ans:a

135. A — of banknotes. (টাকার গাঁট) [JU (C2) 15-16]
a) bunch (বান্‌চ) b) wad c) batch d) group Ans:b

136. A – of fish. (মাছের ঝাঁক) [JU (C2) 15-16]
a) flock b) group c) school d) fleet Ans:c

137. Which of the following is an abstract noun? [JUST (B) 12-13]
a) People b) Honesty c) Flock (ফ্লক) d) Sugar Ans:b

138. Which is not proper noun? [RU (সমাজবিজ্ঞান) 07-08]
a) Sun b) Karim c) River d) Padma Ans:c

139. Paper, water, iron, gold and milk are – [RU (ভূগোল) 05-06]
a) Abstract nouns b) Common nouns
c) Collective nouns d) Material nouns Ans:d

140. What kind of noun the following words belongs to 'love, affection'? [IU 06-07]
a) Abstract b) Common c) Material d) Collective Ans:a

# Countable and Uncountable noun

**Countable noun:** যে সকল noun কে গণনা করা যায়। যেমনঃ book, pen, boy, star, foe (শত্রু-শত্রু), student, chair ইত্যাদি। countable noun গুলোর পূর্বে a/an, numbers বসানো যায় এবং এদের plural করা যায়।

**Uncountable noun:** যে সকল noun কে গণনা করা যায় না (পদার্থ, দোষ, গুণ, কাজ ইত্যাদির নাম)। যেমনঃ accommodation, advice, news, bread, equipment, furniture, fun (মজা), luck, information, knowledge, baggage, luggage (মালপত্র), poetry (কাব্য), homework, scenery, travel, traffic (যানবাহন), work, progress, hair, money, food, rice, salt, water, rain, cement, gold, milk ইত্যাদি। uncountable noun এর পূর্বে a/an, numbers বসে না এবং এদের plural হয় না। N.B. American English এ countable noun কে বলা হয় count noun এবং uncountable/uncount noun কে বলা হয় Non- count noun

**Note:** **কিছু uncountable noun শুধু singular noun হিসেবে ব্যবহৃত হয়, কিন্তু এদের plural হয় না।**
যেমন: education, knowledge, sleep, help ইত্যাদি। **e.g.** Did you have a good sleep? Ruba fell into a deep sleep. Your advice was a big help. She was more of a hindrance than a help.
A good education is the gateway to success. I have had the benefit of a good education.
He acquired a knowledge of English. For this job you will need a good knowledge of English.

**Mass noun:** **1. Uncountable noun কে mass noun বলা হয়।** যেমন: happiness, **china** (চিনামাটি) ইত্যাদি
**2. যে noun গুলো সাধারণত uncountable কিন্তু ভিন্ন প্রকারের বা এককের বুঝাতে এদের plural করা যায় অথবা এদের পূর্বে a/an বসানো যায়।** যেমন: **coffee/tea** (I drank some **coffee/tea.** I ordered two **coffees/teas** = two cups of coffee/tea) **bread** (The shop sells several different **breads.**) **Soap** (Wash your hands with **soap** and water. You should choose **a** mild **soap.** Use **a soap** that is mild on the skin. Some **soaps** are strongly perfumed.) **sugar** (How many **sugars** do you take in coffee?) অর্থাৎ mass noun এমন উভয়ভাবে ব্যবহৃত হয়। আবার, the + adjective এ adjective টি mass noun হতে পারে।
**e.g.** It was a good mix of **the old** and **the new.** Out with **the old** and in with **the new.**

141. **What kind of noun is 'money (অর্থ)'?** [IU (H) 14-15, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (পুর)-১৯]
**a)** collective **b)** abstract **c)** countable **d)** uncountable Ans:d

money মানে 'অর্থ' (বাংলায় 'টাকা' বলা হয় তাই অনেকে ভাবেন টাকা তো গণনা করা যায় কিন্তু বাংলাভাষী ছাড়া অন্যরা 'টাকা' বলে না। প্রকৃতপক্ষে money (অর্থ) এর countable noun হচ্ছে a coin, a note, a sum a dollar, a euro, a taka ইত্যাদি; এগুলো গণনা করা যায় কিন্তু money গণনাযোগ্য নয়। কারণ, 'অর্থ' বুঝাতে a/one money, two moneys এভাবে বলা যায় না বা ব্যবহৃত হয় না। সুতরাং money হচ্ছে uncountable noun

142. **Which of the following is an uncountable noun?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-১৩]
**a)** Pen **b)** Shirt **c)** Book **d)** Food Ans:d

বিভিন্ন প্রকারের খাবার বুঝাতে countable হিসেবে food এর plural হয়। I'm allergic to certain **foods.**
Many snack **foods** are high in salt, sugar and fat. There was variety of foods to choose from.

143. **What kind of noun is 'fun'?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]
**a)** Uncountable **b)** Countable **c)** Common **d)** Material Ans:a

fun হচ্ছে uncountable তাই fun এর পূর্বে a/an বসে না এবং fun এর plural হয় না।
We made fun of it. Sailing is good fun. Swimming is great fun. (**a fun, a good/great fun নয়**)

144. **Which of the following words does fall under uncountable noun?** [SUST 08-09]
**a)** Star **b)** Rice **c)** Field **d)** Foe (শত্রু, শত্রু) Ans:b

Star হচ্ছে countable noun ; কারণ, star এর আগে a/an বসানো এবং star এর plural (stars) করা যায়।
The sun is **a** star. There are millions of **stars** in space. We looked up at the **stars** in the sky.

145. **The building is built of <u>stone</u>. The underlined word is:** [KU (S) 14-15]
**a)** Countable noun **b)** Adjective **c)** Proper noun **d)** Uncountable noun Ans:d

146. **Which one of the following is not an uncountable noun?** [KU (BBA) 11-12]
**a)** scenery (ছিনারি) **b)** work **c)** luggage(লাগেজ) **d)** student Ans:d

147. **I prefer chicken to <u>beef</u>. Here underlined word is-** [PUST (A1) 15-16]
**a)** countable noun **b)** proper noun **c)** abstract noun **d)** uncountable noun Ans:d

148. **Advertising is –** [RU (গণযোগাযোগ ও সাংবাদিকতা) 08-09]
**a)** Count noun **b)** adjective **c)** verb **d)** Non-count noun Ans:d

Advertising (বিজ্ঞাপন দেওয়া) হচ্ছে কাজের নাম তাই এটি Non-count noun [Ref: Cliffs TOEFL, Page 45]

কতগুলো Uncountable noun এর আলাদা Countable noun ব্যবহার করা হয়। আবার, Uncountable noun এর পূর্বে piece, item, slice, bar, loaf, ear, clap, flash, game ইত্যাদি বসিয়ে Countable noun করা হয়ে থাকে।

| Uncountable | Countable | Uncountable | Countable |
|---|---|---|---|
| Accommodation | a place to live, a house | Knowledge | a fact |
| Baggage/luggage | a bag/suitcase/trunk | Progress | an advance |
| Bread | a loaf (of bread), a roll | Publicity | an advertisement |
| Equipment | a tool | Rain | a shower, a downpour |
| Furniture | a chair, a table, a bench | Research | an experiment |
| Machinery | A machine | Traffic | a car, a bus |
| Poetry (পৌইট্রি) | a poem (পৌইম) | Travel | a journey, a trip |
| Money | a coin, a note, a sum a dollar, a euro, a taka | Vocabulary | a word, an expression |
| | | Work | a job, a task |

149. **It is very difficult to find a – in this country at present.** [BRDB এর পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]
**a)** work **b)** career **c)** profession **d)** job [পুবালী ব্যাংক (JO)-০০] Ans:d

**Rule:** বাংলায় একটা/দুইটা উপদেশ/সাবান/রুটি/আসবাবপত্র বলা যায় কিন্তু ইংরেজিতে সংখ্যাবাচক প্রকাশ করতে এসব **uncountable noun** এর পূর্বে **classifier/partitive** (piece, item, slice, bar, loaf, ear, clap, flash, spoonful, bit, pair etc.) + **of** ব্যবহার করে **countable noun** করতে হয়। যেমন: তোমাকে/আপনাকে একটা উপদেশ দিই (Let me give you a piece of advice), সে ছয়টা রুটি খেল (He ate six pieces/loaves/slices of bread), আমার একটা তথ্য দরকার (I need a piece/an item/a bit of information)

| singular | plural | singular | plural |
|---|---|---|---|
| A piece of advice | Two pieces of advice | A piece of music | Two pieces of music |
| A piece of bread | Two pieces of bread | A loaf of bread | Two loaves of bread |
| A piece of furniture | Two pieces of furniture | A slice of bread | Two slices of bread |
| A piece of luggage | Two pieces of luggage | A piece of news | Two pieces of news |
| A piece of jewelry | Two pieces of jewelry | A piece of toast | Two pieces of toast |
| A clap of thunder | Two claps of thunder | A bar of soap | Two bars of soap |
| A bolt of lightning | Two bolts of lightning | An ear of corn | Two ears of corn |
| A piece of equipment | Two pieces of equipment | A piece/an item of information | Two pieces/items of information |

150. **I need – soap to wash my dress with.**[DU D 02-03, COU C 07-08, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহ: পরিচালক-১৩]
**a)** any **b)** a piece of **c)** a **d)** much Ans:b


CamScanner

151. **Choose the correct sentence.** [COU (B) 09-10, NU (মানবিক) 10-11, PUST (B) 17-18]
**a)** He bought some soaps yesterday. **b)** He bought a bar of soap yesterday.
**c)** He has bought a soap yesterday. **d)** He bought a soap yesterday. Ans:b

152. **Find out the correct sentence.** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-১৬]
**a)** I shall buy two breads. **b)** I shall buy two loaves of breads.
**c)** I shall buy two bread. **d)** I shall buy two pieces of bread. Ans:d

153. **Hybrids have one more – per plant than the other varieties.** [প্রিমিয়ার ব্যাংক-০৩]
**a)** corns **b)** car of corn **c)** corn ears **d)** corn's ears Ans:b

**Determiner:** যে word/phrase কোনো noun (phrase) এর পূর্বে বসে ঐ noun কে শনাক্ত করে সেটার অর্থকে নির্দিষ্ট বা সীমিত করে অর্থাৎ noun টিকে কীভাবে ব্যবহার করা হচ্ছে তা দেখায় তাকে Determiner/Determinative বলা হয়। Determiner (ডিটামিনার) সাধারণত কোনো noun এর পূর্বে বসে ঐ noun টির নির্দিষ্টতা, অনির্দিষ্টতা, সংখ্যা, পরিমাণ, নৈকট্য, দূরত্ব ইত্যাদি নির্দেশ করে। Determiner এর main function দুইটি: referring and quantifying **Determiner গুলো সাধারণত noun phrase এর শুরুতে বসে কিন্তু Determiner গুলো Adjective নয়।** Traditional English grammar এ article, adjective of quantity, adjective of number এবং pronominal adjective (demonstrative/ distributive/ possessive/ interrogative/ relative/ exclamatory adjective) গুলোকে limiting adjective বলা হয় কিন্তু Modern English grammar এগুলোকে determiner বলা হয় অর্থাৎ **determiner গুলো এখন আর adjective নয়।** নিম্নে Determiners এর তালিকা দেখুন।

**Articles :** a, an, the (vowel এর আগে বসলে উচ্চারণ 'দি' কিন্তু consonant এর আগে 'দা')
**Demonstratives :** this, these (দিজ্), that, those (দৌজ্)
**Possessives :** my, our, your, their, his, her, its, Jahangir's etc.
**Interrogatives :** what, which, whose
**Cardinal Numbers/Numerals :** one, two, three, four, five, six, seven, eight, nine, ten etc.
**Ordinal Numbers/Numerals :** first, second, third, fourth, fifth, sixth, seventh, eighth etc.
**General Ordinals :** last, next, other, the other etc.
**Quantifiers :** all, another, both, any, no, some, each, every, either, neither, enough, several, (a) little, much, many, (a) few, more, less, most, a good/great deal of, a large/great amount of, a number of, numbers of, a lot of, lots of, plenty of etc. (এরা পরিমাণ অথবা অনির্দিষ্ট সংখ্যা নির্দেশ করে)

**Noun phrase এর শুরুতে একাধিক determiner বসলে তারা একটা fixed oder অনুসারে বসে।**
**Order of determiner:** ❶ quantifier ❷ article ❸ demonstrative ❹ possessive ❺ number
**Referring determiners:** the, this, that, these, those, my, his, her etc.
**Quantifying determiners:** some, many, enough, most, all, another etc.

**quantifying determiner সাধারণত referring determiner এর পূর্বে বসে।** e.g. **All my** money is lost. আবার, quantifying determiner + **of** + referring determiner এভাবে ব্যবহার করা যায়।
**Some of his** friends are media people. **Many of the** people present there were very angry.

**Specific determiners :** The, this, that, these, those, my, your, his, her, its, our, their etc.
**General determiners :** a, an, any, another, other, each, every, either, neither, both, no, all, some, several, enough, such, (a) few, (a) little, many, much, more, most

154. **Identify the determiner in the sentence 'Bring me that book'.** [42nd BCS]
**a)** Bring **b)** me **c)** that **d)** book Ans:c

155. **Identify the determiner in the sentence: 'I have no news for you.'** [NSI এর ফিল্ড অফিসার-২৩]
**a)** have **b)** news **c)** no **d)** for [40th BCS] Ans:c

156. **Which word is the determiner in the sentence 'Will it take much time?'** [35th BCS, IU (C, H) 15-16, বিভিন্ন অধিদপ্তরের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]

a) will  b) take  c) much  d) time  Ans:c

157. **My reading room displays a beautiful painting of S M Sultan. Here the word 'my' is** [BSMRSTU (G, Law) 16-17]

a) a possessive determiner  b) a discarding determiner
c) an adjective determiner  d) none of these  Ans:a

158. **all, another, any, both, each, either are ---** [IU (B) 13-14]

a) Demonstrative determiners  b) General determiners
c) Possessive determiners  d) adverbials  Ans:b

**Predeterminer:** যে word কোনো determiner পূর্বে ব্যবহৃত হয় তাকে **predeterminer** বলে। যেমন: All, half, both, many, such, what, quite, rather, once, twice, double ইত্যাদি predeterminer হতে পারে। **All** his money, **All** the furniture, **Half** a loaf, **many** a man, **once** a day, **What** a nuisance!, **such** an idiot, **both** my parents, **quite** a risk, **rather** a difficult question, **double** the number

**Noun (phrase)** এর পূর্বে বসার ক্রম **(order)** অনুসারে **determiner** এর তিনটি **subcategory** করা হয়। যথা: predeterminer, central determiner, postdeterminer (**All my three** brothers are doctors.)

159. **All the four pens are missing. Here 'all the four' is –** [RU (রাষ্ট্রবিজ্ঞান) 07-08]

a) Noun, adjective  b) Adjective  c) Determiners  d) Participle Phrase  Ans:c

All the four pens এই noun phrase টির শুরুতে All the four বসে pens এর সংখ্যাকে নির্দিষ্ট করেছে তাই এরা determiners হবে। (এখানে All– predeterminer, the– central determiner, four– postdeterminer) এ ধরনের প্রশ্নের অপশনে Determiner এবং Adjective দুটোই থাকলে উত্তর Determiner দিতে হবে।

160. **— returned the library books in time.** [CU (B1) 15-16]

a) Most of boys  b) Most of the boys
c) The many of the boys  d) The most boys  Ans:b

Quantifying determiner (One/another/few/most/many/some/much etc.) + **of** + referring determiner (**the, this, my etc**) + plural noun; **e.g. Most of the** people I had invited turned up. I got **another of those** calls yeaterday. **One of my** best friends **is** getting married today.

161. **– kept in the bank.** (তার সব টাকা ব্যাংকে রাখা হয়) [CU (ঘ) 08-09]

a) All his money are  b) His all money are
c) His all money is  d) All his money is  Ans:d

All হচ্ছে predeterminer/quantifier, এটি আরেকটি determiner/possessive এর আগে বসে। তাই All বসবে his এর আগে এবং money হচ্ছে uncountable noun তাই এর পরে verb টি singular হবে অর্থাৎ এক্ষেত্রে is হবে।

## Determiners with Countable and Uncountable noun

| Determiner with countable nouns | Determiner with uncountable nouns |
|---|---|
| A, an, the, some, any, one/two/three, each | The, some, any (in negatives or questions) |
| None of, none + 0, no (= not any) + noun | None of, none + 0, no (= not any) + noun |
| This, that [+singular], these, those [+ plural] | This, that, a great/good deal of |
| A few, few, too few, very few | A little, little, very little, too little |
| Many, as many as, several, either, neither | Much, too much, as much as |
| Fewer, Fewer --- than, no fewer than, | Less, Less --- than, no less than |
| A lot of, lots of, plenty of, more --- than | A lot of, lots of, plenty of more --- than |
| A (large/great/good) number of, the number of | A (large/small) amount/quantity of |



CamScanner

162. **Fill in the blank. '— students from different districts have come to take part in the admission test.'** [BSMRSTU (G) 16-17]

**a)** A large amount **b)** A large number

**c)** A large number of **d)** A huge amount of Ans:c

163. **There are – students in class today than there were yesterday.** [MBSTU C 19-20]

**a)** less **b)** a few **c)** a little **d)** fewer Ans:d

**সফলভাবে Determiner এর প্রয়োগ করতে প্রথমে countable noun এবং uncountable noun সম্পর্কে ভালোভাবে জানতে হবে এবং নিচের বিষয়গুলো ভালোভাবে বুঝতে হবে।**

**1. Much, little, a little, less, least এই determiner গুলো শুধুমাত্র uncountable noun এর সাথে ব্যবহৃত হয়।** Add **a little** salt. We get so **little** light in this room. I had **less** money than I thought. There is **little** information I can give you, I'm afraid.

**2. a/an, one, another, each, every, either, neither এই determiner গুলো শুধুমাত্র singular countable noun এর সাথে ব্যবহৃত হয়। e.g.** Would you like **another** cup of tea/glass of water? Life gets more expensive **every** day. I'm going to have **another** piece of cake.
Personally, I don't like **either** jacket. There were shops on **either** side of the street. (both অর্থে)
He checked **each** document carefully. **Every** child needs affection. **Neither** answer is correct.

**3. This, that এই determiner গুলো singular countable noun এবং uncountable noun এর সাথে ব্যবহৃত হয়।** **That film** was fantastic. (singular countable) **This furniture** is so ugly! (uncountable)

164. **– amazing song haunted me for a long time.** [35th BCS, JKKNIU (ঘ) 16-17]

**a)** These **b)** Those **c)** Thus **d)** That Ans:d

**4. Both, many, (a) few, several, these, those, the numbers (two, three, four etc.) এই determiner গুলো শুধুমাত্র plural noun এর সাথে ব্যবহৃত হয়।**
I just have **a few photos** of my parents. Hold on with **both hands**. So **few** people attended. We have invited **a few friends** to dinner. It all happened **many years** ago. **Several items** were missing when we opened the box to unpack everything. We don't get **many tourists** here. Gone are **those** days when we used to go fishing. **These** fish are often eaten raw.

**5. any, all, enough, no, some, more, most, zero determiner এই determiner গুলো plural countable noun এবং uncountable noun উভয়ের সাথে ব্যবহৃত হয়।**
He left **no instructions.** There's **no ice/milk** in the fridge. **No** news is good news. It's no joke.
**Most items** of jewellery are made from gold. **Most gold** is used to make jewellery.
He has got **more bags** than me. He has got **more luggage/baggage** than me.
Would you like **some juice** or milk? **Some students** turn up late for class.
**All children** should receive education. **All meat** is rich in protein.
Do you have **enough clothes**? We don't have **enough furniture**.
We need to buy **paper** for the printer. Animals are afraid of fire. (zero determiner)

**6. The, no, any, some, such, possessives, what, whose এই determiner গুলো singular, plural, countable অথবা uncountable noun এর সাথে ব্যবহৃত হয়।** He has **no** wife. He has **no** children. We have **no** accurate information. **What** time is it? **What** subjects are you studying?

165. **He is lazy. He never does – work.** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-১৬]

**a)** some **b)** any **c)** no **d)** none Ans:b



CamScanner

166. **------ in this display is on sale.** [কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক-০৭, BSMRSTU (E) 19-20]

a) Each furnitures
b) Each pieces of furniture
c) Each piece of furniture
d) Each furniture

Ans:c

Each এর পরে singular countable noun বসে এবং furniture হচ্ছে uncountable noun বিধায় Each এবং furniture একসাথে বসবে না। তাই furniture এর countable noun করতে হবে অর্থাৎ piece of furniture ব্যবহার করতে হবে। সুতরাং Each piece of furniture হবে।

167. **Before we can decide on the future use of this drug -----.** [IU (B) 12-13, JnU (A) 13-14] সাব- রেজিস্ট্রার-০১

a) many more informations must be reviewed
b) is necessary to review more information
c) we must review much more information
d) another information must to be reviewed

Ref: Cliffs TOEFL থেকে হুবুহু নেয়া

Ans:c

a) information হচ্ছে uncount noun তাই এর plural হবে না এবং এর পূর্বে many বসে না, much বসে।
b) subject নেই। d) another এর পরে singular count noun বসে; to বাদ যাবে, must be হবে।

168. **Choose the sentence with appropriate use of 'some'** [BEZA এর সহকারী ব্যবস্থাপক-২০]

a) I want to buy some new shoe.
b) Would you like to buy some apples?
c) Rana has listened to some music.
d) He has bought some piece of cheese.

Ans:b

**a)** some new shoes অথবা some new pairs of shoes হবে **b)** ইতিবাচক উত্তর প্রত্যাশিত প্রশ্নে some ব্যবহৃত হয়। Would you like some sugar/milk in your coffee? **c)** listen to music অথবা some pieces of music হবে **d)** some pieces/slices of cheese হবে।

169. **Choose the correct sentence.** [BEZA এর সহকারী ব্যবস্থাপক-২০]

a) My friend has got brown eye.
b) My friend is going to buy some new furniture.
c) She has got short black hairs.
d) He is going to buy some new chair.

Ans:b

**a)** eyes হবে **c)** hair হবে (সামগ্রিক অর্থে hair হচ্ছে uncountable noun) **d)** chairs হবে।

170. **Choose the correct sentence.** [বিদুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা-১৯]

a) No fewer than fifty students were present.
b) No lesser than fifty students were present.
c) No smaller than fifty students were present
d) No less than fifty students were present.

আশ্চর্যজনক অভিব্যক্তি রূপে 'কমপক্ষে' অর্থে No fewer than + number + plural noun

Ans:a

171. **He gave me some good -----.** (সে আমাকে কিছু ভালো উপদেশ দিল) [JnU (D) 16-17]

a) advice
b) advises
c) advices
d) advising

Ans:a

172. **The woman is carrying a — of clothes.** [JnU (B) 09-10]

a) sheet
b) bunch
c) bundle
d) block

Ans:c

a **sheet** of paper/glass, a **bunch** of grapes/bananas/flowers/keys, a block of wood/ice/concrete/stone, a **bundle of** clothes/newspapers/books/sticks, a **bit** of cake, a **bit** of news/information

173. **Put two — of salt in the saucepan.** [JnU (B) 09-10]

a) mouthsful
b) mouthful
c) spoonfuls
d) spoonful

Ans:c

spoonful-এক চামচ পরিমাণ (a spoonful of sugar); handful- ১. এক মুঠো (a handful of rice); ২. অল্প সংখ্যক (a handful of people); mouthful- এক গ্রাস, a mouthful of bread, a few mouthfuls of meat

174. **The man is carrying a — of cement.** [JnU (B) 09-10]

a) sack
b) mouthful
c) reel
d) bunch

Ans:a

a sack (এক বস্তা পরিমাণ) **of** potatoes/coal/flour, a reel of cotton/film/string/tape/thread



CamScanner

## Use of determiners/quantifiers before Countable and Uncountable nouns

**No.01:** সাধারণত countable noun এর পূর্বে a, an, the বসে। কিন্তু Uncountable noun এর পূর্বে a, an বসে না কিন্তু নির্দিষ্ট অর্থে the বসে এবং Countable noun এর plural হয় কিন্তু uncountable noun এর plural হয় না।

175. **The --- of the office will be sold.** [DU (D) 02-03, SESIP সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-১৫]
**a)** furniture **b)** the furnitures **c)** piece of furniture **d)** pieces of furnitures Ans:a
সবগুলো আসবাবপত্রকে নির্দিষ্ট করে বুঝালে- The furniture was covered in dust and cobwebs. কিন্তু একটাকে নির্দিষ্ট করে বুঝালে- The piece of furniture serves a dual purpose as a cupboard and as a table.

176. **Nasrin is an interior decorator, designs -------** [DU (D) 00-01]
**a)** furniture **b)** the furniture **c)** furnitutre's **d)** some furniture Ans:a

177. **It is time I had my – cut.** (এখনই আমার চুল কাটানোর সময়) [CU ($C_1$) 12-13]
**a)** all the hairs **b)** hair **c)** all hairs **d)** the hairs **e)** hairs Ans:b

178. **----- is not the only thing that tourists want to see.**
[24th BCS, সমাজকল্যাণ সংগঠন-০৭, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সহকারী পরিচালক (প্রশাসন)-১৩]
**a)** A scenery **b)** Sceneries **c)** the sceneries **d)** Scenery Ans:d

179. **This building is made of ---------------- .** (বাড়িটি ইট-সিমেন্টে তৈরী) [RU (B-Law) 12-13]
**a)** bricks and cement **b)** brick (ইট) and cement
**c)** glasses and bricks **d)** iron and glasses Ans:b (TG)

180. **Choose the correct sentence.** [PSC এর সহকারী পরিচালক-০৬, DU (C) 11-12]
**a)** We have many works to do in summer **b)** We have much works to do in summer
**c)** We have a lot of work to do in summer **d)** We have lot of works to do in summer
**e)** We have many a lot of works to do in summer Ans:c

**No.02:** অল্প কয়েকটি অর্থে Countable noun এর পূর্বে a few বসে এবং অল্প একটু বা সামান্য পরিমাণ অর্থে Uncountable noun এর পূর্বে a little বসে। a few বা a little উভয়ের অর্থই হচ্ছে some (অল্প কয়েকটি বা অল্প পরিমাণ) **Example:** I have a few friends in the city. (শহরে আমার অল্প কয়েকজন বন্ধু আছে)
I have a little money in my pocket. (আমার পকেটে অল্প কিছু টাকা আছে)

181. **There is – water/milk in the glass.** [RU (F-অবিজ্ঞান) 15-16, প্রাথমিক সহকারী শিক্ষক (১ম পর্যায়)-১৯]
**She wants to satisfy her thirst. But there is – water in the glass.** [CU ($B_{2\text{-}6}$) 14-15]
**a)** a little **b)** a big amount **c)** much **d)** small Ans:a

182. **Tamara speaks very – Russian, but she knows – words.** [IU (B) 11-12]
**a)** little, a little **b)** little, a few **c)** few, little **d)** a few, few Ans:b

183. **I have got – friends, so I am not lonely.** [CU (B) 11-12]
**a)** a little **b)** little **c)** few **d)** fewer **e)** a few Ans:e

184. **The glass on the table contains – water.** [NU (বাণিজ্য) 06-07]
**a)** a little **b)** a few **c)** many **d)** several Ans:a

185. **I would like – salt in my vegetables.** (আমার সবজিতে আমি একটু লবণ চাই) [CU (D) 11-12]
**a)** few **b)** a few **c)** a little **d)** many Ans:c

